

3 (Sem-2/CBCS) BEN HC 1

2022

BENGALI

Paper : BEN-HC-2016

(বাংলা ভাষা পরিচয়)

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০
- (ক) প্রাচীন বাংলা ভাষায় অসমাপিকা ক্রিয়ার রূপ কত ভাবে গঠিত হত ?
- (খ) ড০ রামেশ্বর শ-এর মতানুযায়ী অন্ত্যমধ্য বাংলার স্থিতিকাল উল্লেখ করো।
- (গ) “পয়ার ছন্দ আদিমধ্য বাংলার প্রধান ছন্দ।” মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ লেখো।
- (ঘ) অন্ত্যমধ্য বাংলায় মহাপ্রাণ নাসিক্য অল্পপ্রাণ হতে শুরু করেছিল। একটি উদাহরণ দাও।
- (ঙ) সাধু ও চলিত গদ্যের নমুনা আমরা বাংলা ভাষার কোন্ স্তরে পাই ?

- (চ) আদি স্বরাগমের একটি উদাহরণ দাও।
- (ছ) সুপারি > সুপুরি
এটি পূর্ণ স্বরসঙ্গতি না আংশিক স্বরসঙ্গতি, লেখো।
- (জ) সমীভবনের বিপরীত প্রক্রিয়ার নাম কী?
- (ঝ) ভক্তি > ভকতি
এটি কোন্ স্বরাগমের উদাহরণ?
- (ঞ) ফারসি গুলাব > বাংলা গোলাপ ঘোষীভবনের উদাহরণ।
এটি শুদ্ধ না অশুদ্ধ?
- (ট) 'মৃত্যু' অর্থে 'গঙ্গালাভ'—অর্থ পরিবর্তনের কোন্ কারণ এখানে ক্রিয়াশীল?
- (ঠ) মনুষ্য থেকে বাংলায় 'মুনিস' শব্দটি এসেছে, যার অর্থ 'মজুর'। এটা অর্থ পরিবর্তনের কোন্ ধারার অনুসারী?
- (ড) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে উৎসগত বিচারে কয়টি শ্রেণিতে বিভক্ত করা যায়?
- (ঢ) 'বিজ্ঞা' শব্দ কোন্ অনার্য ভাষা থেকে বাংলায় এসেছে?
- (ণ) হেড (ইংরাজি) + পণ্ডিত (বাংলা) = হেড-পণ্ডিত কী ধরনের শব্দ?

- ২। নিম্নলিখিত যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- (ক) বঙ্গালী উপভাষা প্রচলিত রয়েছে এমন দুটি অঞ্চলের নাম লেখো।
- (খ) লবণ > নুন—এটি কোন্ উপভাষার বৈশিষ্ট্য?
- (গ) আধুনিক বাংলায় ব্যবহৃত দুটি সংযোজক অব্যয়ের নাম লেখো।
- (ঘ) ক্ষতিপূরণ দীর্ঘীভবনের অন্য নাম কী? এর একটি উদাহরণ দাও।
- (ঙ) উত্তরবঙ্গের উপভাষায় উচ্চারণে 'আমের রস'-এর ধ্বনিলোপের ফলে পরিবর্তিত রূপটি লেখো।
- (চ) যেসব শব্দ প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে অপরিবর্তিত রূপে বাংলায় এসেছে সেগুলিকে ভাষাতত্ত্বিকেরা কী নামে অভিহিত করেছেন? সেই শব্দগুলিকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?
- (ছ) বাংলা তত্ত্ব শব্দের দুটি উদাহরণ দাও।
- (জ) নিম্নলিখিত শব্দদুটির উৎস ও বিবর্তন দেখাও :
আড়াই ; গাঁসাই।
- ৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- (ক) মধ্যবাংলার ছন্দোবীতিগত বৈশিষ্ট্য লেখো।
- (খ) আধুনিক বাংলা ভাষার ভাষাঞ্চল সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(4)

- (গ) বঙ্গালী উপভাষার অপিনিহিতি জাত পরিবর্তন উদাহরণসহ লেখো।
- (ঘ) উপযুক্ত উদাহরণসহ অভিশ্রুতির সংজ্ঞা নিরূপণ করো।
- (ঙ) স্বতোমূর্খনীভবন কী? এর সঙ্গে মূর্খনীভবনের পার্থক্য কোথায়?
- (চ) সমমুখ ও বিমুখ ধ্বনি পরিবর্তনের প্রক্রিয়া বুঝিয়ে লেখো।
- (ছ) “শব্দার্থ পরিবর্তনের ধারায় অতীত ইতিহাসের ইঙ্গিত পাওয়া যায়।” মন্তব্যটির যথার্থ্য বিচার করো।
- (জ) অর্থ পরিবর্তনের ক্ষেত্রে শৈথিল্য ও আরামপ্রিয়তার ভূমিকা নির্ণয় করো।

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৪ = ৪০$

- (ক) প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- (খ) রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্যগুলি উপযুক্ত উদাহরণসহ তুলে ধরো।
- (গ) সাধু ও চলিত গদ্যের ভাষাতাত্ত্বিক পার্থক্য সম্পর্কে যথাযথ আলোচনা করো।

(5)

- (ঘ) অন্ত্যমধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে লেখো।
- (ঙ) ব্যঞ্জনধ্বনি লোপের কারণ সম্পর্কে যথাযথ আলোচনা করো।
- (চ) আদি, মধ্য ও অন্ত্যস্বরাগমের পার্থক্য উদাহরণসহ স্পষ্ট করো।
- (ছ) ধ্বনি পরিবর্তনের ক্ষেত্রে স্বরসঙ্গতির গুরুত্ব নির্ণয় করো।
- (জ) অর্থ পরিবর্তনের স্থূল কারণগুলি সম্পর্কে যা জান লেখো।
- (ঝ) অর্থবিত্তার ও অর্থসংক্রমের মধ্যে কোনো পার্থক্য আছে কী? এ-বিষয়ে উদাহরণসহ বুঝিয়ে লেখো।
- (ঞ) বাংলা শব্দভাণ্ডারের শ্রেণিগত বিভাজন সম্পর্কে যথাযথ আলোচনা করো।
